সমকাল

তারিখ 15 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে কলেজ শিক্ষকদের প্রশিক্ষণ

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ বলেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজগুলোর শিক্ষার মান উন্নয়নে শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের পাশাপাশি অঞ্চলভিত্তিক কিছুসংখ্যক কলেজকে মডেল কলেজে উন্নীতকরণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে সিইডিপি প্রকল্পের আওতায় চারটি বিষয়ে কলেজ শিক্ষকদের মাসব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ডিন অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, অধ্যাপক ড. মো. মশিউর রহমান, ট্রেজারার অধ্যাপ মো. নোমান উর রশীদ প্রমুখ। বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, মার্কেটিং ও রসায়ন বিষয়ে ১১৩ জন কলেজ শিক্ষক মাসব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নেন।